

া মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ১০৯৬

২٩. ফারায়েয অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১৪. যাহার নিহত হওয়া ইত্যাদি অজ্ঞাত থাকে

بَابِ مَنْ جُهِلَ أَمْرُهُ بِالْقَتْلِ أَقْ غَيْرِ ذَلِكَ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ غَيْرِ وَاحِدِ مِنْ عُلَمَائِهِمْ أَنَّهُ لَمْ يَتَوَارَتْ مَنْ قُتِلَ يَوْمَ الْجَمَل وَيَوْمَ صِفِّينَ وَيَوْمَ الْحَرَّةِ ثُمَّ كَانَ يَوْمَ قُدَيْد فَلَمْ يُورَّتْ أَحَدُ مِنْ صَاحِبِهِ شَيْئًا إِلَّا مَنْ عُلِمَ أَنَّهُ قُتِلَ قَبْلَ صَاحِبِهِ قَالَ مَالِكَ وَذَلِكَ الْأَمْرُ الَّذِي لَا اخْتِلَافَ فِيهِ وَلَا شَكَّ عِنْدَ أَحَدِ مِنْ أَهْلِ الْعِلْم بِبَلَدِنَا وَكَذَلِكَ الْعَمَلُ فِي كُلِّ مُتَوَارِثَيْنِ هَلَكَا بِغَرَقِ أَوْ قَتْلِ أَوْ غَيْرِ ذَلِكَ مِنْ الْمَوْت إِذَا لَمْ يُعْلَمْ أَيُّهُمَا مَاتَ قَبْلَ صَاحِبِهِ لَمْ يَرِثْ أَحَدٌ مِنْهُمَا مِنْ صَاحِبِهِ شَيْئًا وَكَانَ مِيرَاثُهُمَا لِمَنْ بَقِيَ مِنْ وَرَثَتِهِمَا يَرِثُ كُلَّ وَاحِدٍ مِنْهُمَا وَرَثَتُهُ مِنْ الْأَحْيَاءِ وَقَالَ مَالِك لَا يَنْبَغِي أَنْ يَرِثَ أَحَدٌ أَحَدًا بِالشَّكِّ وَلَا يَرِثُ أَحَدٌ أَحَدًا إِلَّا بِالْيَقِينِ مِنْ الْعِلْمِ وَالشُّهَدَاءِ وَذَلِكَ أَنَّ الرَّجُلَ يَهْلَكُ هُوَ وَمَوْلَاهُ الَّذِي أَعْتَقَهُ أَبُوهُ فَيَقُولُ بَنُو الرَّجُلِ الْعَرَبِيِّ قَدْ وَرِثَهُ أَبُونَا فَلَيْسَ ذَلِكَ لَهُمْ أَنْ يَرِثُوهُ بِغَيْرِ عِلْمٍ وَلَا شَهَادَةٍ إِنَّهُ مَاتَ قَبْلَهُ وَإِنَّمَا يَرِثُهُ أَوْلَى النَّاسِ بِهِ مِنْ الْأَحْيَاءِ قَالَ مَالِك وَمِنْ ذَلِكَ أَيْضًا الْأَخَوَانِ لِلْأَبِ وَالْأُمِّ يَمُوتَانِ وَلِأَحَدِهِمَا وَلَدٌ وَالْآخَرُ لَا وَلَدَ لَهُ وَلَهُمَا أَخُ لِأَبيهِ مَا فَلَا يُعْلَمُ أَيُّهُمَا مَاتَ قَبْلَ صَاحِبِهِ فَمِيرَاثُ الَّذِي لَا وَلَدَ لَهُ لِأَخِيهِ لِأَبيهِ وَلَيْسَ لِبَنِي أَخِيهِ لِأَبيهِ وَأُمِّهِ شَيْءٌ قَالَ مَالِك وَمِنْ ذَلِكَ أَيْضًا أَنْ تَهْلَكَ الْعَمَّةُ وَابْنُ أَخِيهَا أَوْ ابْنَةُ الْأَخ وَعَمُّهَا فَلَا يُعْلَمُ أَيُّهُمَا مَاتَ قَبْلُ فَإِنْ لَمْ يُعْلَمْ أَيُّهُمَا مَاتَ قَبْلُ لَمْ يَرِثْ الْعَمُّ مِنْ ابْنَةِ أَخِيهِ شَيْئًا وَلَا يَرِثُ ابْنُ الْأَخِ مِنْ عَمَّتِهِ شَيْئًا

বাংলা

রেওয়ায়ত ১৫. রবীয়া ইবন আবু আবদুর রহমান (রহঃ) একাধিক আলেম সূত্রে বর্ণনা করেন যে, জামাল যুদ্ধে,



সিফফীন যুদ্ধে এবং হাররা দিবসে যাহারা নিহত হইয়াছেন তাহারা মীরাস পান নাই। এরপর ফুদাইদ দিবসে যাহারা নিহত হইয়াছে তাহারাও একে অপরের মীরাস পান নাই।

কিন্তু মীরাস পাইবে সেই ক্ষেত্রে যেই ক্ষেত্রে নিশ্চিত জানা গিয়াছে যে, তিনি তাহার সাথির পূর্বে নিহত হইয়াছেন।

ইয়াহইয়া (রহঃ) বলেনঃ আমি মালিক (রহঃ)-কে বলিতে শুনিয়াছি, আমাদের উলামায়ে কিরামের মধ্যে এ ব্যাপারে কোন বিরোধ নাই।

মালিক (রহঃ) বলেনঃ যদি কয়েকজন পানিতে ডুবিয়া অথবা মাটিতে ধ্বসিয়া মৃত্যুবরণ করে অথবা নিহত হয়, আর কে আগে কে পরে[1] মৃত্যুবরণ করিয়াছে তাহা অজ্ঞাত থাকে, তবে তাহারা একে অন্যের ওয়ারিস হইবে না, বরং প্রত্যেকের মাল তাহাদের ওয়ারিসগণ পাইবে, যাহারা জীবিত রহিয়াছে।

মালিক (রহঃ) বলেনঃ কেহ সন্দেহস্থলে কাহারও ওয়ারিস হইবে না, ওয়ারিস হওয়ার জন্য নিঃসন্দেহ হওয়া প্রয়োজন। যেমন কেহ মৃত্যুবরণ করিল, আর সে তাহার যে দাসকে মুক্ত করিয়াছিল সেও মৃত্যুবরণ করিল, এখন যদি এই সন্তান বলে যে, আমার পিতা এই দাসের ওয়ারিস হইবে তবে তাহা ততক্ষণ পর্যন্ত সাব্যন্ত হইবে না যতক্ষণ না সে সাক্ষী দ্বারা প্রমাণ করিবে যে, ঐ দাস তাহার পিতার পূর্বে মারা গিয়াছে। যদি প্রমাণ করিতে না পারে তবে ঐ দাসের জীবিত ওয়ারিসগণ তাহার মাল পাইবে।মালিক (রহঃ) বলেন, অনুরূপভাবে যদি দুই সহোদর ভাই মারা যায় যাহাদের একজনের সন্তান রহিয়াছে অন্যজন নিঃসন্তান, আর তাহদের উভয়ের একজন সৎ ভাইও রহিয়াছে। কিন্তু ইহা জানা যায় নাই যে, প্রথমে কোন ভাই মরিয়াছে। এখন নিঃসন্তান ভাই-এর মাল তাহার সৎ ভাই পাইবে, তাহার ভাতিজারা পাইবে না। এইরূপে ফুফু ভাতিজা একত্রে মারা গেলে বা চাচা ভাতিজা একত্রে মারা গেলে আর কে আগে মারা গিয়াছে তাহা জানা নাই, তবে চাচা স্বীয় ভাতিজার এবং ভাতিজা স্বীয় ফুফুর ওয়ারিস হইবে না।

English

Yahya related to me from Malik from Rabia ibn Abi Abd ar-Rahman from more than one of the people of knowledge of that time, that those who were killed on the Day of the Camel, the Day of Siffin, the Day of al-Harra, and the Day of Qudayd did not inherit from each other. None of them inherited anything from his companion unless it was known that he had been killed before his companion.

Malik said, "That is the way of doing things about which there is no dispute, and which none of the people of knowledge in our city doubt. The procedure with two mutual heirs who are drowned, or killed in another way, when it is not known which of them died first is the same - neither of them inherits anything from his companion. Their inheritance goes to whoever remains of their heirs. They are inherited from by the living."



Malik said, "No one should inherit from anyone else when there is doubt, and one should only inherit from the other when there is certainty of knowledge and witnesses. That is because a man and his mawla whom his father has freed might die at the same time. The sons of the free man could say, 'Our father inherited from the mawla.' They should not inherit from the mawla without knowledge or testimony that he died first. The living people most entitled to his wala' inherit from him."

Malik said, "Another example is two full brothers who die. One of them has children and the other does not. They have a half-brother by their father. It is not known which of them died first, so the inheritance of the childless one goes to his half-brother by the father. The children of the full-brother get nothing."

Malik said, "Another example is when a paternal aunt and the son of her brother die, or else the daughter of the brother and her paternal uncle. It is not known which of them died first. The paternal uncle does not inherit anything from the daughter of his brother, and the son of the brother does not inherit anything from his paternal aunt."

ফুটনোট

[1] জামাল যুদ্ধ ১০ই জুমাদাল উখরা ৩৬ হি. বসরায় আলী (রাঃ) এবং আয়েশা (রাঃ)-এর মধ্যে সংঘটিত হইয়াছিল। যেহেতু আয়েশা (রাঃ) উটে সওয়ার হইয়া যুদ্ধ করিতেছিলেন, এই জন্য ইহাকে ওয়াকি'আতু জামাল বলা হয়। এই যুদ্ধে উভয় পক্ষে বহু লোক নিহত হইয়াছেন। এই সমস্ত যুদ্ধে যেহেতু কে আগে মরিয়াছে কে পরে মরিয়াছে তাহা জানা যায় নাই। সেইজন্য অনেকে আত্মীয় হওয়া সত্ত্বেও একে অন্যের ওয়ারিস হয় নাই বরং তাহাদের উভয়ের মাল তাহদের ওয়ারিসগণ পাইয়াছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন